শহীদ শায়খ ড. আবদুল্লাহ আয্যাম রহ. আফগানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন

آيات الرحمن في جهاد الافعان

মৃকতী সাঈদ হুসাইন অনুদিত

আবাবিল প্রকাশন

১১/১ বাংলাবান্ধার, ঢাকা- ১১০০

আফগানিস্তানে আনার দেখা আত্মাহর নিদর্শন শহীদ শারখ ড. আবদ্মাহ আয়্বাৰ বহু,

রকালনায় আবাবিদ প্রকাশন

্র সংরক্ষিত

প্রথম প্রকাশ ডিলেম্বর ২০১৪

युगाः २०० मिका

ISBN: 984-70160-0114-8

AFGANISTANE AMAR DEKHA ALLAH'R NIDORSHON

By Dr. Abdullah Azzam, Published by : Ababil Prokashon 11/1 Banglabazar, Dhaka-1100; First Edition : December 2014 © by the pablisher

Price: 200 Taka only

মূজাহিদীনের পরিচালনা পরিষদের প্রধান উস্তাদ সাইয়াফের অভিব্যক্তি

التحمد ينه كفي وسلام على عِيادِة الدين اصطفى

নবীজি সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম মুসন্সিম জাতিকে দুটি বিশেব শ্রেণিতে বিভক্ত করেননি— একটি বণিক ও ধনী সম্প্রদায়, যার মধ্যে হয়রত আবু বকর রা., হয়রত আবুর রহমান ইবনে আউফ রা., হয়রত সাদ ইবনে মুয়াজ রা. প্রমুখ সাহাবায়ে কেরাম অন্তর্ভুক্ত, যারা সর্বাস্ত্রকভাবে নবীজি সাল্লান্থাত্ আলাইহি ওয়াসাল্লামকে সাহায্য করতেন, আর দিতীয় দবিদ্র শ্রেণির সাহাবায়ে কেরাম, যেমন— হয়রত বেলাল রা., হয়রত আম্মার রা., হয়রত সুহাইব রা. প্রমুখ সাহাবায়ে কেরাম, যারা জীবন দান করে নবীজি সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে যুক্তের ময়দানে অংশগ্রহণ করেছেন। এবং এ ক্ষেত্রে সকল সাহাবারে কেরামই ছিলেন এক ও অভিন্ন।

যারা জিহাদের ময়দানে আল্লাহ প্রদন্ত এসব অলৌকিকতায় সন্দেহ পোষণ করেন, আমি তাদের দোষারোপ করছি না; বরং তাদের বস্তবাদী চিন্তাভাবনা জিহাদের সঠিক মর্ম উপলব্ধি করা থেকে বিশ্রত রেখেছে।

বে ব্যক্তি নিরবচিন্ত্রভাবে চেটা করবে, উদ্যমী হবে তিনিই কেবল জিহাদের সঠিক মর্ম অনুধাবন করতে পারবেন। চাক্ষ্ব দেখা আর শোনা কথা সমান হতে পারে না। যারা আল্লাহ কেন্তু অলৌকিকতাকে অশ্বীকার করে, জিহাদের পুণ্য ভূমিতে ভাদের আমত্রণ, সেবানে তারা দেখতে পাবেন আল্লাহ ভারোলা কুদরতিভাবে যুদ্ধের দায়িত্ব পরিচালনা করছেন।

আবগানিতালে আমার দেখা আত্মাহর নিদর্শন 🛊 ৬

বর্তমানে অনেক মৃসনিম লেখক, বারা লেখার উপজীব্য হিসেবে অধিক কল্পনা, ভিত্তিহীন গল্প, আর ভৌতিক রহস্যকে বেছে নিয়েছেন, আমি তাদেরকে আমন্ত্রণ জানাব, কল্পনার চেয়েও অতিবাত্তব, শক্তিশালী ও শিক্ষণীর ইতিহাস রচনা করার, যা রক্তবিন্দ্ ত্যাগের ঘারা সূচিত হয়।

আফণানিতানের বর্তমান বিষয়টি তথু একটি সম্প্রদায়ের নিজয় বিষয় নয়; বয়ং এটি সাম্প্রদায়িকতার উর্ধেই ইন্দামিক বিষয়ে পরিণত হয়েছে। আমি মুসলিমদের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এই জিহাদের সূচনা আময়া করেছিলাম ভটিকয়েক রিভলবারের ছারা, আমাদের কাছে একটি রাইফেলও ছিল না। যুদ্ধের সূচনালয়ে রাশিয়ান বাহিনীর বিশাল ট্যাংক বছরের মোকাবিলায় আফণান জাতি ব্যবহার করেছে নুড়ি পাথর ও ছোট ছোট শিশাখও। আজ আমাদের উপলক্ষি—

- আফগান জাতি স্পাই ও ইমানি চেতনায় নিজেদের প্রস্তুত করেছে থে আল্লাহ তায়ালা রাশিয়ার (বর্তমানে যুক্তরাজ্র, যুক্তরাজ্য ও যৌথবাহিনী) চেয়ে অধিক শক্তিশালী।
- ২. আল্লাহ ভায়ালা কখনো পরাভূত বা পরাজিত হন না।
- ত. শিগগিরই মহান আল্লাহ তায়ালার সাহায্যে আমরা রাশিরাকে (যৌধবাহিনী) শরাজিত করতে সক্ষম হব।

পৃথিবীর বিভিন্ন প্রান্তের সৌন্দর্য উপভোগ করতে যারা সমর
ব্যয় করছেন, তাদেরকে স্মরণ করিয়ে দিতে চাই নবীন্ধি
সাল্লাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম-এর সেই হাদিস, বাতে তিনি
বলেছেন, 'আমার উন্মন্তের অমন হলো জিহাদ'। একই সাথে
ভাদেরকেও সভর্ক করতে চাই, যারা এই হাদিসের অপব্যাব্যা
করে জিহাদ থেকে বিরত থাকে— 'বে ব্যক্তি জিহাদে
অংশগ্রহণ করতে পারেনি অথবা অগ্র দিয়েও সাহায্য করতে
পারেনি, কিংবা ভার পক্ষ হতে কাউকে পাঠাতেও পারেনি, সে
যেন যুদ্ধে গমনকারীর পরিবার-পরিজনের সঙ্গে উত্তম আচরণ
করে এবং ভাদের দেখাশোলা করে। নতুবা কিয়ামতের
আগেই আলাহ ভায়ালা ভার ওপর বিগদ পতিত করবেন'।
আমি নবীজি সাল্লাল্লান্ড আলাইহি ওয়াসাল্লাম-এর আরো

আফগানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন 💠 ৭

একটি হাদিস শরেণ করিয়ে দিতে চাই। তিনি ইরশাদ করেন, 'আল্লাহ তায়ালার রাস্তায় (জিহাদে) গমন করা নিজ বাসস্থানে ৭০ বছরের নফল ইবাদতের চেয়েও উত্তম।

মহান আল্পাহ তায়ালার কাছে দোয়া করি, তিনি যেন লেখকের চেষ্টাকে কবুল করেন এবং এটিকে তার নাজাতের কারণ বানিয়ে দেন। আমরা সেই আল্পাহ তারালারই প্রশংসা করি, যিনি ব্যতীত প্রশংসা পাওয়ার যোগ্য আর কেউ নেই, এবং যিনি একমাত্র গুনাহ মার্জনাকারী, যাুর কাছে সকলকেই প্রভ্যাবর্তন করতে হবে।

বিনীত

আব্দু রাবিবর রাসুল আস–সাইয়াফ

मृ ि १ व

অলৌকিক মুজিজা ও কারামত / ১৫ অলিগদের কারামত রসূল সা.-এরই মুজিজা / ১৭ নবীজি সা.-এর মুজিজাসমূহের কিছু নমুনা / ১৮ অন্যান্য অদৌকিকতা / ১৯ আরো কিছু উদাহরণ / ২৩ সুরাকা বিন মালিকের ঘটনা / ২৩ মুমিনদের সাহায্যের জন্য আসমান থেকে ফেরেশতা অবতরণ / ২৪ খেন্দুরগাছের তঁড়ির কারা / ২৬ হ্যরত জাবির রা.-এর পিতার শ্বণ পরিশোধ / ২৬ নবীজি সা, -এর আহ্বানে একণ্ডচ্ছ খেলুরের সাড়া দেওয়া / ২৭ হ্যরত আবু হ্রাইয়া রা.-এর খেজুরের থলে / ২৮ কুয়ায় পতিত ব্যক্তিদের প্রতি নবীন্ধি সা.-এর উক্তি / ২৯ আপ্রাহ প্রদন্ত নূর / ৩০ হযরত আবু কাতাদা রা,-কে নবীজি সা,-এর একটি খেজুরের শাখা প্রদান / ৩১ তাহলিল ও তাকবিরের আওয়াজেও শক্রর আসন চূর্ণবিচূর্ণ হয় / ৩২ আবু বৰুর রা.-এর কারামত / ৩২ হ্যরভ আৰু কিরসাকা রা. / ৩৩ হ্যরত ইবনে আব্বাস রা.-এর জানাজা ও একটি পাখি / ৩৩ হ্যরত ওমর রা. কর্তৃক জিনকে পরাজিত করা / ৩৪ নবীজির আগমন সম্পর্কে অবলা গরুর সুসংবাদ প্রদান / ৩৪ মৃত্যুর পত্রে কথা বলা / ৩৪ উহদের শহীদরা / ৩৫ নবীদের নূরানী মৃতদেহ সুরক্ষিত থাকে / ৩৫ কবর থেকে মেশকের দ্রাণ / ৩৬ ভিমক্তল দিয়ে হ্যরত আসিন রা.-এর মৃতদেহ সুরক্ষা / ৩৬

নবীজির গোলাম হযরত সাফিনাহ রা. / ৩৬
নবীজি সা. -এর আগমন সম্পর্কে একটি নেকড়ে বাঘের সংবাদ প্রদান / ৩৭
পানির অনুগত হওয়া / ৩৮
টাইগ্রিস নদী পার হওয়া / ৩৮
গায়েবি সাহায্য / ৩৯

ু আফগানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন 🕸 ১০

আৰু উবাইদা রা.-এর সৈন্যবাহিনী / ৩৯ হাতের স্পর্শে সুস্থ হওয়া / ৪১

হযরত খালিদ বিন ওয়ালিদ রা.-এর অপৌকিকতা / ৪২

তাপ ও ঠাগুা থেকে নিরাপদ / ৪২

বৃদ্ধ বয়সেও তারুগ্যের প্রভাব / ৪৩

হ্যরত হুসাইন রা.-এর অপৌকিকতা / ৪৩

হ্যরভ উসমান রা.-এর অপৌকিকতা / ৪৩

অলৌকিকতা হলো ব্যুক্তের কারণ / ৪৪

আফগান জিহাদের অপৌকিকতা / ৪৪

অধিকাংশ শহীদের শরীর বিকৃত না হওয়া / ৪৫

আফগানিস্তানের শহীদরা / ৪৫

বাবার সঙ্গে শহীদি সম্ভানের হাত মেলানো / ৪৬

শহীদ ওমর ইয়াকুব ও তার অন্ত / ৪৭

আলখাল্লা জড়ানো সাইয়েদ শাহ / ৪৭

মুজাহিদীনের দোয়া / ৪৮

পাখির বেইনী / ৪৮

চারদিক থেকে আগুনের পরিবেষ্টন / ৪৯

ফেরেশতাদের গায়েবি অশ্ববাহিনী / ৪৯

অস্ত্র ভাতারের শেষ / ৫২

শরীরের ওপর দিয়ে ট্যাংক অতিক্রম করার পরও জীবিত থাকা / ৫২

কাঁকড়া-বিছার দারা মুজাহিদদের সুরকা / ৫২

একটি শিত ও দিয়াশলাই / ৫২

সাপ-বিচ্ছু মুজাহিদদের আক্রমণ করে না / ৫৩

হাডের মেহেদি মোছার আগেই শহীদি নারী / ৫৩

বোমা অবিক্ষোরিত রয়ে গেছে / ৫৩

এক পর্বিত মারের শহীদি সন্তান / ৫৪

বুলেটও তাদের শরীরকে ছিদ্র করেনি / ৫৪

শহীদের শরীর থেকে আলোর বিচ্ছুরণ / ৫৫

আগুন থেকে অস্ত্রাপার নিরাপদ / ৫৬

ছোট একটি দল বৃহৎ দলের ওপর জন্মলাভ করা / ৫৬

উত্তর কাবুলে যুদ্ধ / ৫৬

তন্দ্রাচহরতা ও একগুছে মূল / ৫৭

আরসাদানের ওপর তন্দ্রার প্রভাব / ৫৮

আখতার মৃহাম্মদের শরীরের ওপর দিয়ে ট্যাংক চালানোর পরও

তাঁর মৃত্যু হলো না / ৫৯

আৰুণানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন 🛧 ১১

চোখে বুরেট বিদ্ধ হরেছে কিন্তু কোনোরপ ক্ষণ্ডি হয়নি / ৬০ চৌদ্দটি বোমা নিক্ষেপের পরও মুজাহিদ অক্ষণ্ড ছিলেন / ৬০

বুলেট তাদের শরীরকে বিদ্ধ করেনি / ৬০

তাঁবুতে আঙন কিন্তু অবস্থানকারী নিরাপদ / ৬০

আমার জামা পুড়েছিল / ৬০

মাইনের ওপর দিয়ে পাড়ি পার হওয়া / ৬১

শহীদদের কারাযত / ৬১

আণ ত্মরা শহীদকে সনাক্ত করা / ৬২

দুই মাইলের অধিক দূরত্ব থেকে শহীদের আণ অনুভূত হওয়া / ৬২ এক শহীদের মারের হাতে আভরের আণ তিন মাস পর্যন্ত হিন / ৬২

শহীদের অন্ত দিতে বাধা দেওয়া / ৬৩

শহীদের মূখে হানি / ৬৩

নহীদ হামিদুল্লাহর হাসি / ৬8

শহীদের শরীর বিকৃত হর শা / ৬৪

শহীদি মাতার স্তন্যপায়ী শহীদ সন্তাশ / ৬৫

মুজাহিদদের দোয়া ও আল্লাহ তারালার সাহায্য / ৬৫

পাখর থেকে পানির কর্ণা / ৬৫

অনুর্বর ভূমি থেকে পানির নির্গমন / ৬৭

কুয়াশার কাও / ৬৭

শহীদদের পরিবারের সুরক্ষা / ৬৮

মেষের খাবা মুজাহিদদের সূবক্ষা / ৬৮

শক্রবাহিনীর ট্যাংক ধ্বংস করা / ৬৮

শরীয়তের দৃষ্টিতে জিহাদের হকুম / ৬৯

করেক লাইনে আফগান জিহাদের বাস্তবতা / ৭১

আমার এ বইটি রচনাকালে আফগান যুদ্ধের কিছু নমুনা / ৭৩

লেখক কর্তৃক সাধারণ মুসলমানদের প্রতি সদয় নিবেদন / ৭৪

আফগান জাতির কিছু ব্যতিক্রমী বৈশিষ্ট্য / ৭৯

ভূম্বার্ড মারের কানার রোল / ৮২

বইতে উল্লিখিত কারামতের গ্রহণযোগ্যতা / ৮৩

উলামারে কেরামের মতামত / ৮৩

বইটি পাঠের শর প্রথম অভিব্যক্তি / ৮৪

একটি ওরুত্বপূর্ণ বিষয় / ৮৬

অভিশুকুত্বপূর্ণ একটি বিষয়ের আলোচনা / ৮৬

উপসংহার / ৮৮

যৌথবাহিনী কর্তৃক মৃসলিম নারীদের ওপর পাশবিক নির্বাতন

আক্সানিভানে আমার দেখা আরাহর নিদর্শন 🛊 ১২

ইরাকে যৌথবাহিনীর পৈশাচিকতা / ৯২ জিহাদের বিরুদ্ধে তথ্যসন্তাস / ৯৩

বিংশ শতাপির মুজিজা / ৯৩

শহীদের বৈশিষ্ট্যমণ্ডিত মর্যাদাবলি / ৯৪

বিষাক্ত এক কালনাগিনী ব্রিটেন / ৯৫

সবার দৃষ্টি এখন আফগানিস্তানের প্রতি / ১৭

আফশানিস্তান নিয়ে বিষাক্ত কালনাগিনীর ষড়য়র / ৯৮

জাতর্য এক কারামত এক মৃঠি ধৃলি নিক্ষেপে কয়েকশত ট্যাংক ধ্বংশ / ১১

খোরাসানের জিহাদে আলুহের নিদর্শন / ১০১

মুজাহিদদের সাহায্যে মেখাছের আবহাওরা / ১০৪

একজন আফগানি আলেমে দীনের ঈমান জাগানো বিবরণ :

প্রেরার হওরা থেকে ৩ও কারাণার পর্যন্ত / ১০৪

মার্কিনদের বন্দিশালায় বিশাল সুসংবাদ / ১০৭

এক আহত সঙ্গীর ওপর আল্লাহর রহমত / ১০৮

আফগানদের সঙ্গে আমার পরিচয় / ১০১

রাশিয়া পরাজিত / ১১০

এক রাশিয়ান সৈন্যের স্বীকারোক্তি : আল্লাহ্ আকবার ধ্বনিতে

বাশিয়ান সৈন্যের কাপড় নষ্ট / ১১৩

ফরাসি সাংবাদিকের চোধে যুদ্ধের ময়দানে অদৃশ্য ট্যাংক / ১১৩

আফগান জনগণের ট্র্যাঙ্গেডি / ১১৪

উত্তর আকগানিভাবে আমার দেখা আল্লাহর কিছু সাহায্য / ১১৪

তণ আফগানদের চিত্রসঙ্গী / ১১৬

আফগান যুবকদের থেকে আমি বা শিষ্টেছ / ১১৬

আফগানিস্তান থেকে ফিলিস্তিন / ১১৮

কামনা আমার শাহাদাত / ১১৮

এক মুজাহিদ ভাইব্রের কারামত / ১১৯

ধর্মনিরপেক্ষতাবাদীরা কী চার / ১২১

ইসরায়েল ধ্বংসের জন্য দুই হাজার মুজাহিদ যথেট / ১২২

আফগান জিহাদে আল্লাহর সাহায্যের নমুনা / ১২৩

এ যুদ্ধ কেবল আকিদা ও দীনকেন্দ্রিক যুদ্ধ / ১২৪

আল্লাহর সাহায্যে আফগানিভানের কমিউনিস্টদের পরিণাম / ১২৪

মসজিগুল আকসা পুনরুদ্ধারই মূল উদ্দেশ্য / ১২৫

জিহাদের প্রভাব / ১২৫

জিহাদভীতি / ১২৬

হেরেমে অবস্থানের চেয়ে জিহাদের পথে থাকা উত্তম / ১২৮

আদগানিভালে আমার লেখা আল্লাহর নিন্দনি • ১৩

জিহাদের প্রতি বিদ্বেষ ছড়ানো / ১২৮
আফগান প্রতিরোধযুদ্ধসমূহ / ১৩০
আফগান মহিলাদের জরায়ু কর্তন / ১৩০
আফগান মহিলাদের জরায়ু কর্তন / ১৩১
ইবাদত হয়ে গেল রাজনৈতিক অপরাধ / ১৩২
অবাক করা সাহায্য : রাখে আল্লাহ মারে কে / ১৩২
মিন্দরিসে আল্লাহর আন্তর্যময় সাহায্য / ১৩৬
আফগান নেতৃবৃদ্দের প্রতি আল্লাহর সাহায্য / ১৩৬
আফগানবাসীর অগ্লিপরীক্ষা / ১৩৮
ক্রশ সেনাদের নির্মমতায় আল্লাহর সাহায্যের বাস্তব নমুনা / ১৩৯
মরা লাশণ্ড কারা করে / ১৫৭
এক সেনাপতি বোকা বনে যাওয়ার ঘটনা / ১৫৮

মার্কিন অত্যাচারের রক্তাক্ত দান্তান এক আইরিশ সাংবাদিকের হানর কাঁপানো তথ্য / ১৬০ The Martyrs in Reality / ১৬৮ The Fine Examples / ১৭২ From the speeches of Dr. Abdullah Azzam (Rah.) / ১৭৭ শহীদ ড. আবদুল্লাহ আব্যাম বহু –এর রক্তাক্ষরে লিখিত ঐতিহাসিক অসিয়তনামা / ১৭৮ এক নক্ষরে শহীদ শার্ম্ব ড, আবদুল্লাহ আয়্যাম রহু / ১৮৯



অলৌকিক মুজিজা ও কারামত

- ১. মুদ্রিজা ও কারামত উভর্মই অলৌকিক বিষয় ।
- ২, অলৌকিকতা সাধারণত নবীদের দারা সংঘটিত হয়। কখনো কখনো আউলিয়ায়ে কেরাম ও নেককার ব্যক্তিদের দ্বারাও প্রকাশ পায়। আবার কখনো কখনো অনুরূপ বিষয় পাপি, মুশরিক ও কাফেরদের থেকেও প্রকাশ পায়।
- ৩, নবী আ,গণের মাধ্যমে যে অলৌকিক বিষর প্রকাশিত হয় তাকে মুজিজা বলে, আর আউলিয়া কেরামের দারা যা প্রকাশিত হয় তাকে কারামত বলে . এভাবে যদি কোনো কাফের বা পাশি ব্যক্তির দারা অলৌকিকতা প্রকশ শায় তবে সেটি হবে শয়তানের কাজ

কিছু মুজিজার মতো অনৌকিকতা যেমন আকস্মিক পানারের উপস্থিতি, এটি আউলিয়া কেরামের হারাও হতে পারে। কিন্তু পার্থক্য হলো, আউলিয়াগণ নবুওয়াতের দাবি করেন না, তারা নবীগণের অনুসারী হওয়ার দাবি করেন। তবে নবীদের হারা এমন কিছু সংঘটিত হয়, যা ওলিদের হারা সম্ভব নয়। যেমন কুরআন হলো নবীজি সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর অন্যতম মুজিজা। এটি আলাহ্ তাগ্যালার অন্য কোনো সৃষ্টির হারা প্রকাশিত হবে না।

ইয়াম নববী রহ, উল্লেখ করেন, 'আমরা জানি মুতাজিলা নামক সম্প্রদার কারামতকে অধীকার করে। যদিও এটি কখনো আউলিয়া কেরামের নিজ্য ক্ষমতা ও ইচ্ছাশক্তির দ্বারা সংঘটিত হয় না '

উলামায়ে কেরাম ব্যাখ্যা করেন। মুজিজা ও কারামত কোনোটিই এমন বিষয় নয় যে নবী বা অলি ইচ্ছা করলেই তা প্রকাশিত হবে। এই অলৌকিকতা তখনই হবে, বর্থন আল্রাহ তায়ালা তার একক সন্তাকে প্রমাণস্থরণ প্রকাশের ইচ্ছা করবেন এখানে মানুবের ইচ্ছাশক্তির কোনো মৃল্য নেই।

৪. কারামত প্রকাশের ছারা ব্যক্তি কথনোই অন্যদের তুলনায় উৎকৃষ্ট, তা বোঝা

আক্শানিয়ানে আমার দেখা আলুক্র নিদর্শন ১ ১৬

বার না। কথনো কথনো কারামত মানুবের মর্যাদাকে অধ্বংগতিত করে কারণ এর ঘারা তার মধ্যে খ্যাতি ও দান্তিকতা প্রকোশ করতে পারে সে কারণে আউলিয়া কেরামের দ্বারা যদি কখনো কারামত প্রকাশিত হতো, তৎক্ষণাৎ তাঁরা আল্রাহর কাছে ইসতিগন্ধার করতেন, যেতাবে ইসতিগন্ধার করা হয় ওনাহের কারণে। (যাজমুউন কাতাওয়া)

- শ্রের তায়ালা কারামত প্রদান করেন আউলিয়া কেরামের কঠিন পরিস্থিতি
 প্রেকে মৃত্তি আর শক্রদের কাছে আদ্বাহর দীনের কার্যকারিতা প্রকাশ করতে
- ও, আল্পাহর অলি তাঁরোই, যাঁরা সঞ্চ ঈমান ও ডাকওয়ার অধিকারী, যদিও তারা আল্পাহ প্রদন্ত কাশক, আধ্যাত্মিক শক্তি অথবা কারামতের বাহক না হন
- ৭. ইলম ও আমলই মানুধকে শয়তানের প্ররোচনা থেকে বিরত রেখে আপ্রাহর বন্ধতে পরিপত করে। ক'রামত তাদের জন্য, যারা কুরআল ও হালিসের আনুগতা করে, মতুবা যারা কুরআন ও হাদিসের পথ থেকে বিচ্যুত, তাদের জন্য এটি হবে শয়তানের কর্ম।

আবু ইয়াজিদ বোস্তামি রহ, বলেন, যদি তৃমি কোনো মানুষকে দেখ আকাশে উড়ছে অথবা পানির ওপর দিয়ে হেঁটে যাচেছ, তবু তার কথা পালনযোগ্য ময়, যদি না শরিয়তের আদিষ্ট বিষয় পালন করে, আর নিষিদ্ধ কর্ম থেকে বিরও থাকে

ইমাম শাফেমি রহ.-কে উদ্দেশ করে ইউনুস ইবনে আবদৃশ আলা রহ. বলেন, আমাদের বন্ধু লাইস ইবনে সাদ কী বলেছে, তুমি কি তা জাল? সে বলেছে, যদি তুমি কোনো ব্যক্তিকে দেখ পানির উপরিভাগ দিয়ে নিজের ইচ্ছামতো হেঁটে চলে যাচ্ছে, তবু তাকে বিশ্বাস করো না ।

ইয়াম শাফেরি রহ, বনলেন, লাইস এ বিষয় সম্পর্কে উত্তম জ্ঞান আর্জন করেছেন। তিনি বলেন, যদি তুমি কাউকে কোনো অবলয়ন ব্যক্তীত ইচ্ছামতো আকাশে উড়তে দেখ, তবু ওই ব্যক্তিকে বিশাস করো না।

হবরত জুনাইদ বাগদাদি রহ বলেন— আমাদের বিশেষ জ্ঞান কুরআন ও হাদিসের মধ্যেই সীমাবন্ধ। সুভরাং বে ব্যক্তি কুরআন অধ্যয়ন করে না, বা নবীজি সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নাহ অনুযায়ী জীবন যাপন করে না, তাদের জন্য সমীচীন নয় আমাদের বিশেষ জ্ঞানের বিষয়ে বক্তব্য উপস্থাপন করে।

৮ সাহারা রা.-এর যুগের তুলনায় পরবর্তী সময়ে বেশি কারামত প্রকাশিত হয়েছে। এর কারণ হলো, কারামতের উদ্দেশ্যই হলো মানুষের ঈমানকে মজবুত হর, হর আরুহে ভায়ালার সঙ্গে সম্পর্ক বৃদ্ধি করা। সাহাবায়ে কেরাম রা,

নিছি সান্ধান্থত আলাইহি ওয়াসান্ধাম-এর অধিক সম্পর্কের কারণে ভাদের

কান ছিল অতি মজবুত, ফলে কারামত প্রকাশের প্রয়োজন হয়নি ইমাম

হাহ্মদ রহ্-কে জিজেস করা হয়, সাহাবীদের সময়ের তুলনায় পরবর্তী সময়ে

হারামত কোন বেশি প্রকাশিত হয়েছে? উত্তরে তিনি বলেন, তাঁদের সমান ছিল

মজবুত।

নবীজি সালুাল্বান্ আলাইহি ওয়াসাল্রাম-এর সান্নিধ্যে থাকার কারণে সাহাবায়ে কেরাম রা, দীনের সঠিক জ্ঞান ও মহান আল্রাহর সঙ্গে গভীর বন্ধন তৈরি করেছিলেন। সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে মানুষের ঈমান দুর্বল হতে থাকে। ফলে আল্রাহ ভায়ালা মানুষের ঈমানের শক্তিকে বৃদ্ধির জন্য কারামতের প্রকাশ ঘটান। এ বিষয়টি অতি স্পষ্ট যে আফগান জিহাদে এত বিপুলসংখ্যক কারামত প্রকাশিত হয়েছে, যা সাহাবাদের যুগের তুলনায় অধিক এতে আন্তর্যবোধ করার কোনো কারণ নেই।

৯. সাধারণত দেখা খায়, সাধারণ ব্যক্তিদের তুলনায় উলায়ায়ে কেরামের দারাই কারামত কেলি প্রকাল পায়। ইয়য় নববী রহ.কে এ বিষয়টি সম্পর্কে জিজেস করা হলে তিনি বলেন, সাধারণ আবেদগণের তুলনয় উলায়ায়ে কেরামের মধ্যে ইবলাস (আন্তরিকতা) বেশি পাওয়া যায়, য়া কারামত প্রকাশিত হওয়ায় মূল উপাদান।

১০. কারামত ও মুজিজার একমাত্র পার্থক্য হলো, মুজিজা নবুওতের দলিল বহন করে। মিথ্যা নবুওতের দাবিদার কোনো ব্যক্তির দ্বারা মুজিজা প্রকাশিত হওয়া সম্বর্ব নয়। কখনো কখনো অলৌকিকতাকে মানুষ জাদুও মনে করে। কিন্তু কারামত ও জাদুর মধ্যে পার্থক্য হলো— আউলিয়ায়ে কেরাম কারামত প্রকাশ করে নবীজি সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম-এর পূর্ণ অনুসরণ ও আনুগত্যের দ্বারা, জাদুকরের মধ্যে এ গুণাবলি কখনোই পাওয়া যায় না।

অলিগণের কারামত রসৃধ সা.-এরই মুজিজা

প্রকৃত আউলিয়া কেরাম তাঁরাই, যাঁরা নবীজি সালান্নান্ত আলাইছি ওয়াসালাম এর সকল আদর্শ অনুসরণ করেন, নিষিদ্ধ কাজ থেকে বিরক্ত থাকেন ও শরিয়তের সব বিধান অনুযায়ী জীবন যাগনের জন্য নিজেকে প্রস্তুত রাখেন এরা এমনই বান্দা, বাঁদের আলাহ তায়ালা কেরেশতাদের দারা সাহায্য করেন এবং আলাহ তায়ালার বিশেষ জ্ঞানের দারা তাঁদের ধন্য করেন। তাঁদের সন্মান বৃদ্ধির জনাই

আফগানিতানে আমার দেখা আল্লাহর নিদর্শন ৬ ১৮

আপ্নাহ তায়ালা তাঁদের দ্বারা কারামত প্রকাশ করেন। তাঁদের কারামত হয় দীনের প্রয়োজনে নতুবা মুসলিমদের ঈমানি চেতনাকে বৃদ্ধি করতে, যেমনভাবে আদিয়া আ.-এর মুজিজাসমূহ সংঘটিত হয়েছিল ওই উদ্দেশ্যকে সফল করতে। অলিগণের কারামত অর্জিত হর নবীজি সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর অনুসরণের বরকতে। সুতরাং অলিগণের কারামত প্রকৃতপক্ষে নবীজি সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর আলাইহি ওয়াসাল্লাম-এর মুজিজারই অন্তর্গত।

নবীজি সা.-এর মুজিজাসমূহের কিছু নমুনা

- ১. নবীজি সান্ত্রান্ত্রান্ত আলাইহি ওয়াসান্ত্রাম-এর হাতের ইশারায় চাঁদ দ্বিখণ্ডিত হওয়া। বিশারী ও মুসদিম।
- ২, নবীজি সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর হাতের মধ্যে থেকে ছোট সৃড়ি পাথ্যের তাসবিহ পাঠ করা ।*ভিবরানি, বাজার*)
- ৩. গাছের ওঁড়ির কন্না, যার বিস্তারিত বর্ণনা সামনে আসবে ইনশাআল্লাহ ।
- থেরাজের রাতে বাইতুল মুকাদাস সম্পর্কে সবাইকে বর্ণনা করা। হাদিস
 শরিকে এসেতে—

عَنْ جَابِرَ بْنَ عَبْدِ اللّهِ رَضِيَ اللّهُ عَنْهُمَا قَالَ سَبِعْتُ النَّبِيَّ صَلَّ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لِنَا كُذَّ بَنْنِي قُرَيْشٌ قُبْتُ فِي الْمِبْرِ فَجَنَّ اللّهُ فِي بَيْتَ الْمَقْدِسِ فَطَفِقْتُ أُخْبِرُهُمْ عَنْ آيُاتِهِ وَأَنَا أَلْقُرُ إِلَيْهِ

হযরত জাবের রা. হতে বর্ণিত, নবীজি সানালান্ত আলাইহি ওয়াসালাম ইরশাদ করেন, 'যখন কুরাইশগণ (কাফেররা) মেরাজকে অধীকার করল, মহান আলাহ তায়ালা তখন বাইতুল মুকাদাসকে আমার সম্পুখে তুলে ধরলেন। আমি দেখে দেখে মানুষকে তা বর্ণনা করতে লাগলাম।'বুখারী ও মুসালিম।

- ৫. বছ পূর্বে ঘটে যাওয়া ঘটনা কিংবা অনাগত ভবিষ্যতের বিভিন্ন বর্ণনা, যা
 আল্লাহর মাধ্যমে অবগত হয়ে নবীজি সাল্লালান্ত্ আলাইহি ওয়াসালাম প্রকাশ
 করেছেন।
- ৬, মহান আন্নাহ তায়ালার প্রদন্ত কিতাব বহন করা ।
- ৭ বিভিন্ন সময় অলৌকিকভাবে খাবার ও পানির মধ্যে বরকত হওয়া। বন্দক্ষের

অক্সালিস্তাকে আত্রার দেখা আলুহের নিদর্শন ও ১৯

সূত্রের সময় সামান্য ঝারারই সব যোদ্ধার জন্য যথেষ্ট ইয়েছিল, যে খাবার কিছুই ক্রাস লক্ষনি জনুরূপভাবে, খায়বারের যুদ্ধে এক মশক পানি সব সৈন্যের ভিত্তস্থিতিয়াছিল

- ৮ তার ক্রানে বা বিরান কৃপে নবীজি সালালাক আলাইরি ওয়াসালাম-এর কাচুকের স্পর্টে পানির লোভ প্রবাহিত হওয়ার অসংখ্য ঘটনা আছে, যা উপস্থিত স্বাহ জনা যথেষ্ট হয়েছিল। বিশেষত ছ্লাইবিয়ার সন্ধির সময় এমনই এক ক্রান্ত ক্র হাতের স্পর্টে পানি প্রবাহিত ইয়েছিল, যা উপস্থিত স্বার হক্তা হিউয়েছিল এ সময় নাহাবায়ে কেয়ামের উপস্থিতি ছিল ১৪ অথবা ১৫শার অধিক।/ব্য়ায়ী ও য়্য়ালয়॥
- ১, নবীজি সাল্লাল্যান্থ আলাইবি ওয়াসাল্লাম হাতের দ্বারা হ্যরও আবু ক্যত্যবা রা.-এর চতুগোলক থেকে বের হয়ে আসা চতুকে আবার ভেতরে চুকিয়ে দেন কলে আগের তুলনায় তাঁর চোবের জ্যোভি অধিক বৃদ্ধি পার *(ভিবরানি ।)*
- ১০ একবার কাব বিন আশরাফ নামক এক ইছদিকে হত্যা করার জন্য নবীজি সন্দুন্ত আলাইহি ওয়াসাল্লাম হ্যরত মুহাম্মদ বিন মাসলামাহ রা কে প্রেরণ করেন এ সময় আহত হয়ে তাঁর পা তেঙে যায়। রামুন সালাল্লাহ্ আলাইহি হরস্পাম তাঁর পায়ে হাত বুলিয়ে দেন, তাঁর পা আগের মতো সৃত্ হয়ে যায় বৃশ্বী
- ১১ একবার সামান্যতম বাবার মবীজি সংল্পাল্পান্ন আলাইহি ওয়াসাপ্তাম প্রায় ১৩০ জন সাহাবার মধ্যে বন্দীন করলেন, বিস্তু খাবারের পরিমাণ আগের মতোই থেকে যাত্র ব্যুখারী ও মুখনিম।
- ১২ নবীজি সান্ত্রান্ত্রান্ত্র আলাইহি ওরাসান্ত্রায় অসৌকিকভাবে হযরত আবদ্দ্রাহ বিন জুবাইর রা এর সব খণ পরিশোধ করিয়ে দেন তৎকালীন সময়ে ঋণের শবিমাণ ছিল ৩০ ওসক (প্রায় ২৭০ কেজি খেজুর), যার বিস্তারিত বর্ণনা সামনে কাসাব।

অন্যান্য অলৌকিকতা

- সহারে কেরাম, তাবেইন এবং পববর্তী সময়ে সংঘটিত অলৌকিকতার শরিমাণ এত অধিক যে, তার পরিপূর্ণ বর্ণনা উপস্থাপন যেমন কট্টসাধা, তদ্রপ তার সংখ্যা গণনা করাও দুঃসাধ্য । সেওলো হতে নিচে কিছু উল্লেখ করা হলোল
- একবার হ্যকত উলাইদ বিন হুদাইর র। সূরা কাহাক তেলাওয়ত কর্বছিলেন এসময় তিনি তাঁর য়াধার ওপর মেঘ সদৃশ কিছু হালকা জালোর

আভা অনুভব করলেন। তাঁর কুরআন তেলাওয়াত চদা পর্যন্ত এটি ছিল, পরে অদৃশ্য হয়ে যায় এরা হলো আল্লাহ তায়ালা কর্তৃক প্রেরিত ফেরেশতা। /বৃদারী ৪ মুসলিম।

- ২় একবার হয়রত সালমান ও আবু দারদা রা, এক সঙ্গে খাবার খাচ্ছিলেন , জখন প্রেট ও খাবার উভয়ই তাসবিহ পাঠ করছিল :
- ৩. একবার হয়রত আবু বকর রা তিনজন অতিথিকে নিয়ে খানা খাছিলেন তিনি ও তাঁর ব্রী দেখলেন, যতবারই পাত্র থেকে খাবার উঠাছিলেন ততবারই পাত্রের নিচে পূর্বের তুলনায় অধিক পরিমাণ খাবার মজুদ পাছেনে। তিনি উপস্থিত সবার অনুমতি নিয়ে খাবার পাত্রটি নবীজি সাল্লালুছ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে নিয়ে গেলেন। নবীজি সাল্লালুই আলাইহি ওয়াসাল্লাম এর কাছে নিয়ে গেলেন। নবীজি সাল্লালুই আলাইহি ওয়াসাল্লাম বিরাটসংখ্যক উপস্থিত সাহাবারে কেরামকে খানা খাওয়ালেন। বিশারি ও মুসলিম। ৪ হয়রত খ্বাইব বিন আদি রা যখন মঞ্জা মুকাররমায় কাফেরদের কাছে বন্দি ছিলেন, তখন অলৌকিকভাবে তাঁর কাছে আসুর ফলের উপস্থিতি পেলেন, অথচ মঞ্জা মুকাররমায় সেই সময় আসুরের মৌনুম নয়। বিশারী, আবু হয়ায়রা স্তের্মর্গত।
- ৫. হয়য়ত আমের বিন ফুহাইরা রা. শহীদ হওয়ার পর অলৌকিকভাবে তার
 শরীর আকাশে উঠে য়য়, কাকেররা কোথাও তার শরীরের চিহ্ন খুঁজে পায়নি।
 উধাগমনের দৃশ্যটি হয়য়ত আমির বিন তুফাইল রা, প্রত্যক্ষ করেন।
- ৬, হ্যরত উদ্যে আর্মান রা হিয়রতের উদ্দেশ্য সফর করছিলেন। এ সময় তাঁর কাছে না ছিল কোনো সম্বল, না ছিল পানি। তিনি রোজাদার ছিলেন। ইফতারের সময় নিকটবর্তী হলে তিনি শৃন্যের ওপর একটি অপরিচিত আওয়াজ ভনতে পোলেন। তিনি মাথা ওপরে তুলে দেখলেন, এক কলস পানি শৃন্যে ভাসমান। তিনি তৃত্তির সহিত পানি পান করলেন। জীবনের পরবর্তী সময়তলোতে তিনি কখনো পিপাসা অনুভব করেননি।
- ৭. নবীজি সাল্লাল্লাছ্ আলাইবি ওয়াসাল্লাম-এর আজাদ করা গোলাম হয়রত সাঞ্চিনা রা. একবার একটি সিংহকে উদ্দেশ করে বলেন, তিনি আল্লাহর রাসুল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতিনিধি। সিংহটি সুরক্ষার স্বার্থে তাঁকে পস্তব্যে পৌছে দেয়। [হাকিম।]
- ৮. যখনই হ্যরত যারা ইবনে মালেক রা, আল্লাহ তায়ালার কাছে অনুনয়-বিনয়সহ দোয়া করতেন, তৎক্ষণাৎ আল্লাহ তায়ালা তাঁর দোয়া কবুল করতেন। মুসলমানরা যুক্ষের ময়দানে যখনই কঠিনতম অধস্থায় উপনীত হতো, হ্যরত

আঞ্গানিভানে আমার দেখা আত্মাহর নিদর্শন ৬ ২১

বার ক্রাকে অনুরোধ করতেন দোয়ার মাধ্যমে আল্লাহ্ তায়ালার সাহায্য পাওয়ার ক্রাক্ত এবে ক্রাক্তরে মোকাবিলায় মুসলমানরা জয়লাভ করত। কাদিলিয়ার যুদ্ধের সময় তিনি অত্যন্ত বিনয়ের সহিত আল্লাহ্র কাছে দোয়া করেন, যাতে তিনি ক্রাক্তরের করতে পারেন। সেই যুদ্ধেই তিনি শহীদ হন।

এতেতে ইফরত খালিদ বিন গুয়ালিদ রা, শত্রুদের একটি দুর্গ ঘিরে ফেলেন হাঁকর ইফরের গ্রহণ করতে অধীকৃতি জানাল, যদি না তিনি বিষ পান করেন। হবরত বালেদ রা, বিষ পান করেন বিশ্ব আল্লাহর রহমতে তিনি নিরাপদ কিলেন।

>> হহরত সাদ ইবনে আবি ওক্সাস রা মুসতাজাবুদ দাওয়াই (যায় দোয়া সাথে সাথে করুদ করা হয়) ছিলেন। তিনিই সেই ব্যক্তি, যিনি পারস্য ও ইরাকযুদ্ধে ভালাত করেন।

া হবতে ওমর রা কোনো এক যুদ্ধে হয়রত সারিয়া রা এর নেতৃত্বে একদল ক্রেবিলি প্রেরণ করেন কোনো একপর্যায়ে হ্যরত ওমর রা, মদীনা ক্রেবরা মদজিলে জুমার খুতবা দিছিলেন খুতবা চলাকালীন তিনি উচ্চ আহর জে বললেন এইটা ইট্টা ইটা ইটা ইটা ইটা ইটা কামানের করে করেব প্রস্তুতি নিচিছল, ইটাং আমবা হনতে পেলাম কেউ একজন করেব করে বলছে, হে সারিয়া, পাহাড়ের দিকে দেখা এরপর আমরা পাহাড়ে আরবং করে শক্রবাহিনীর সঙ্গে তীব্র লড়াই করে আল্লাহর রহ্মতে জয়লাভ করে। বিরহাকি।

১২, হযরত জুনাইরা রা কে ইসলাম গ্রহণের কারণে অমানবিক ও পাশবিক নির্বাহন করা হয়েছিল, তবু তিনি ধর্ম ত্যাগ করেননি। নির্যাতনের কারণে তিনি নাট্রনজি হারিয়েছিলেন। মূশবিকরা বলতে লাগল, লাত ও উজ্জা (দৃটি মূর্তির নাম, তার দৃষ্টিশক্তি কেড়ে নিয়েছে।' উত্তরে তিনি আত্মাহর শপথ করে বললেন, কান্যনিক ব্যা । তৎক্ষণাৎ আত্মাহ তায়ালা তাঁর দৃষ্টিশক্তি ফিরিয়ে দেন

১০ ধরতয়া বিনতে হিকাম একবার হ্যরত সাদ বিন জায়েদ রা.-এর বিকাজে নিবা অভিযোগ পেশ করল যে, তিনি ওরওয়ার জনি জায়েদ পূর্বক ছিনিয়ে নিবাছন এ কথা তানে তিনি ওরওয়াকে অভিশাপ দিলেন হে আল্লাহ, যদি সে করতা, ছিগারেন্দী হয় তবে তার দৃষ্টি অন্ধ করে দাও, আর তার জামনেই তার মারার করেণ ঘটাও। এতে সে অন্ধ হয়ে যায় এবং একাইট নিজেন জমিনের

আফগানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন 🛭 ২২

ওপর দিয়ে হাঁটার সময় একটি গর্তে পড়ে তার মৃত্যু হয়।

১৪. নবীজি সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বাহরাইনের গডর্নর হিসেবে হ্যরত আলা ইবনে হাজরামি রা কে নিযুক্ত করেছিলেন। যখন তিনি দোয়া করতেন, তখন আলাহ তায়ালার প্রশংসা করে বলতেন, হে আলাহ, সবচেয়ে জানী, মহান, দয়াময়, দাডা! এডাবে দোয়ার কারণে তাঁর দোয়া কবুল হতো। একবার বাহরাইনে পানির প্রচও অভাব হয়। তাঁর দোয়ার বরক্তে আলাহ তায়ালা পানির অভাব পূর্ণ করেন।

একবার যখন মুসলিমরা ঘোড়াসহ খরস্রোতা নদী পার হতে পারছিলেন না, তখন তিনি দোয়া করেন . দোয়ার বরকতে সব মুসলিম ঘোড়াসহ নদী পার হলেন কিন্তু তাদের ঘোড়ার একটি পশমও সিক্ত হয়নি । তিনি সবসময় দোয়া করতেন, যাতে তাঁর মৃত্যুর পর কেউ তাঁর শরীর দেখতে না পায় । তাঁর মৃত্যুর পর খোরীতি তাঁকে কবরে দাফন করা হয় কিন্তু পরবর্তী সময়ে কবরে তাঁর শাণ পাওয়া যায়নি ।

অনুরূপ একটি ঘটনা ঘটেছিল হ্যরত তাবু মুসলিম খাওলানি ও তাঁর সৈন্যবাহিনীর বেলায় এসময় তারা টাইগ্রিস নদীর খরস্রোতা ও গভীর পানির পথ পাড়ি দিয়েছিলেন নদীর ওপারে পৌছে সঙ্গীদের উদ্দেশ করে বললেন, তোমাদের কেউ কি পানির মধ্যে কোনো জিনিস হারিয়ে ফেলেছ? হারিয়ে থাকলে আমাকে তবগত করো, আমি আল্লাহ তায়ালার কাছে তা পাওয়ার জন্য দোয়া করব একজন বলল, আমার ঘোড়ার মুখের বনুনি পাওয়া যাচেছ না। তিনি বললেন, আমাকে অনুসরণ করো! সে তাঁকে অনুসরণ করল এবং পানির মধ্যে সেই বস্তুটি পাওয়া গেল।

১৫. মিথ্যা নর্ধয়তের দাবিদার আসওয়াদ আনাসি একদা হযরত আরু মুসলিম থাওলানিকে জিজেস করল, তৃমি কি বিশ্বাস করো যে আমি আল্লাহ্র রাসুলঃ উত্তরে তিনি বলেন, কথনোই না। পুনরায় তাঁকে জিজেস করল, তৃমি কি এই সাক্ষ্য দেকে যে মুহাম্মদ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসুলঃ উত্তরে তিনি বলেন, হাঁা, অবশ্যই। তৎক্ষণাৎ আসওয়াদ তাঁকে আগুনে নিক্ষেপ করে। আল্লাহ ভায়ালার কী অপার কুদরত, উপস্থিত সকই দেখল, তিনি আগুনের মধ্যে শান্তির সঙ্গে নামাজে দাঁড়িয়ে আছেন।

নবীজি সাল্লাল্যান্থ আলাইহি ওয়াসাল্লাম-এর ইন্তিকালের পর যখন হযরত আৰু মুসলিম খাওলানি রা মদীনায় আগমন করেন, তখন তাঁকে হযরত ওমর রা. ও হয়রত আরু বকর বা.-এর মধ্যস্থানে কসিয়ে ওমর রা বলেন–

আফগানিস্তানে আমার দেখা অনুচাহর নিদর্শন 🕭 ২৩

الْحَدُدُ بِنَهِ الَّذِي مِمْ يُوتَّنِي حَتَّى أَرَى مِنْ أُمَّةٍ مُحَبَّدٍ صَلَّ اللهُ عَلَيْهِ وَسَلَمَرَ مَنْ فُولَ بِهِ كَمَا فُولَ بِإِبْرَا دِيمَ خَبِينِ اللهِ

'সব প্রশংসা মহান আত্মাহ তায়ালার জন্য, যিনি রাসুল সাত্মাল্লাচ্ আলাইহি ওয়াসাল্লাম-এর উন্মতের মধ্যে ওঁই ব্যক্তিকে জীবিত রেখেছেন, যিনি হ্বরত ইবরাহিম আ.-এর অনুরূপ অভিজ্ঞতা অর্জন করেছেন।

আরো কিছু উদাহরণ সুরাকা বিন মালিকের ঘটনা

এক দীর্ঘ হাদীসে হযরত আবু বকর সিদ্দিক রা, হিজয়ত রজনীর বর্ণনা দেন। সেখানে সুরাকা বিন মালিকের ঘটনা উঠে আসে∻

عَن البَرَاءَ مَنَ عَارِبٍ قَالَ أَيْهِ بَكُمٍ الصِّدِيْقَ رَضِيَ اللهُ عَنْهُمَا وَاتَّبَعَنا شُرَاقَةُ مِنْ مَالِكٍ فَقُتُ أَيْمِينَا يَهِ رَسُولَ اللهِ فَقَالَ. {لَا تَحْرَقَ إِنَّ اللّهَ مَعْمَا} فَدَاعَا عَلَيهِ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيهِ وَسَلَّمَ فَارْتَطَبَتْ بِهِ فَرَسُهُ إِلَى مَعْمَا} فَدَاعَا عَلَيهِ النَّبِيُّ صَلَّى اللهُ عَليهِ وَسَلَّمَ فَارْتَطَبَتْ بِهِ فَرَسُهُ إِلَى مَعْمَا } فَدَعَا عَلَيهِ النَّي مَنْ الْأَرْضِ شَكَ رُهَيْرٌ فَقَالَ إِنِّ أَرَاكُمَا ثَدُ دَعَرَثُمَا تَعْمِي مِن الْأَرْضِ شَكَ رُهَيْرٌ فَقَالَ إِنِّ أَرَاكُمَا ثَدُ دَعَرَثُمَا عَلَيه عَلَيه فَا اللّهِ مَنْ اللّهُ مَنْ اللّهُ عَلَيْهِ السَّلَابِ فَدَعَا لَهُ النّبِيُّ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَدَعَا لَهُ النّبِيُّ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَعَالُهُ النّبِيُّ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَعَالَهُ النّبِيُّ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَعَالُهُ النّبِيُّ صَلَى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَعَالُهُ النَّيمُ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَعَالُهُ النَّيمُ عَلَيْهِ وَاللّهِ لَكُمَا أَلْ أَرْدُ عَنْكُمُ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَعَالُهُ النَّيمُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَعَالُهُ النَّذِي مَا عَلَيْهِ وَسَلَّمَ فَتَعَالُهُ النَّذِي مُ مَنْ اللهُ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَعَالُهُ النَّذِي مُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَعَالُهُ النَّذِي مُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَعَالُهُ اللّهُ إِلَيْ السَّالِ السَّالِي الْعَلْمَ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَيْهُ اللّهُ اللهُ اللّهُ الللهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ الللّهُ الللّهُ الللهُ الللهُ الللّهُ الللّهُ اللّهُ الللهُ اللّهُ الللهُ الللهُ اللّهُ الللهُ اللّهُ اللّهُ اللّ

হযরত আবু বকর সিদ্দিক রা, থেকে বর্ণিত, হিজরতের সময় স্রাকা আয়াদের অনুসরণ করে। আমি বললায়, হে রাস্লুলাহ! স্বাকা আসছে। নবীজি বললেন, ভয় করো না, আল্লাহ আয়াদের সঙ্গে আছেন। অতঃপর নবীজি সাল্লালাল আলাইছি ওয়াসাল্লায় দোয়া করলেন, সুরাকার ঘোড়ার পা মাটির মধ্যে ভূবে পেল। সে চিৎকার করে ফলতে লাগল, আমি দেখেছি ভোমরা দুজন আমাকে অভিশাপ দিয়েছ দয়া করে আমার জনা দোয়া করো। আল্লাহর কসম, যারা তোমাদের অনুসন্ধান কবছে, আমি তাদেরকে ফিবিয়ে নিয়ে যার। নবীজি সাল্লাল্লান্ড আলাইছি ওয়াসাল্লায়-এর দোয়ার বরকতে সুরাকা বিপদ মুক্ত হলো। (নুগারী, হাদীস নং ৬৬১৫, সুসলিম।

মুমিনদের সাহায্যের জন্য আসমান থেকে ফেরেশতা অবতরণ

হ্যরত ইবনে আব্যাস রা, বর্ণনা করেন-

عَنْ ابْنِ عَبَّاسٍ رَحِيَ اللهُ عَنْهُمَا ۖ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ يَوْمَ بَدْرِ هَذَا جِبْرِيلُ آخِلُّ بِرَأْسِ فَرَسِهِ عَلَيْهِ أَدَاةُ الْحَرْبِ

বদরের যুদ্ধের দিন নবীজি সান্তাল্থাহ্ আলাইহি ওয়াসাল্থাম বলেন, ওই যে জিবরাইল, যুদ্ধের সাজে সচ্ছিত হয়ে যে ঘোড়ার পিঠের ওপর লাগাম টেলে আছে। ব্রুবারী, হালীস সং ৩১৯৫ //

অন্য এক হাদিসে হয়রত স্যাদ বিন আবি ওয়াকাস রা, বর্ণনা করেন-

عَنْ سَعْدٍ قَالَ رَأَيْتُ عَنْ يَمِينِ رَسُولِ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَنْ شِمَالِهِ يَوْمَ أُحُدٍ رَجُنَائِنِ عَلَيْهِمَا ثِيَابُ بَيَاضٍ مَا رَأَيْتُهُمَا قَبُلُ وَلَا يَعْدُ يَعْيَى جِنْدِينَ وَمِيكَائِيلُ عَلَيْهِمَا السَّلَامِ.

উহদের যুদ্ধের দিন আমি নবীজি সাল্লালান্থ আলাইহি ওয়াসাল্লায়ে-এর ডান ও বাম পাশে যুদ্ধের সাজে সজ্জিত অতীব সুন্দর দুজন যোজাকে দেবতে পেলাম। এরপ সুন্দর ব্যক্তি আমি আগেও দেখিনি, পরেও দেখিনি তাঁরা ছিলেন হয়রত জিবরাইল ও মিফাইল আ, ।বুখারী মুসনিম, জদীস নং ১১৬৮।

অন্য এক হাদিসে এসেছে-

عَنَى عَبْدِ اللهِ مِنْ عَبَّامِ قَالَ كَعَثَ الْعَبَّاسَ بِعَبْدِ اللهِ إِن رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ فِي حَاجَةٍ قَوْجَلَ ضَعَهُ رَجُلاً فَرَجَعَ وَلَمْ يُكَلِّمُهُ فَقَالَ رَأْيَتُهُ * قَالَ لَعَمْ قَالَ ذَاكَ جِبْرِيْلُ أَمَا إِنَّهُ لَنْ يَبُوْتُ خَتَّى يَهُمْ يَهُمُونُ وَيُولُ عِلْنَا رَمَى أَحِمَدُ والطَيْرانِ

হয়রত আবরাস রা. একদা তাঁর সন্তান আবদ্রাহ রা কে কোনো এক প্রয়োজনে নবীজি সান্ধাল্লন্থ আন্যইহি ওয়াসাল্লাম এর কাছে প্রেরণ করেন কিন্তু তিনি (আবদ্ল্লাহ)

আফগানিস্তানে আমার দেখা আবাহর নিদর্শন ও ২৫

নবীজি সান্ধান্ধাত্ আলাইহি ওয়াসান্ধায়কে এক ব্যক্তির সঙ্গে কথা বলতে দেখলেন। এতে নবীজি সান্ধান্ধান্থ আলাইহি ওয়াসান্ধায়-এর সঙ্গে কথা না বলেই ফিরে এলেন। আব্বাস রা, জিজ্জেস করলেন, তুমি কি সেই ব্যক্তিকে দেখেছ? তিনি বললেন, হাাঁ। আব্বাস রা, বললেন, তিনিই জিবরাইল আ.। যে তাঁকে (জিবরাইলকে) একবার দেখে, মৃত্যু পর্যন্ত তার দৃষ্টিপক্তি লোপ পায় না এবং সে গভীর জ্ঞানপ্রাপ্ত হয়।

এ কথা প্রসিদ্ধ যে হয়রত আবদুরাই ইন্থনে আব্যাস রা.-কে সব সাহাবার মধ্যে ক্রিয়ালক বা উম্মতের সবচেয়ে বড় ভ্রামী বলা হয়। বৃদ্ধ বয়সেও তাঁর দৃষ্টিশক্তি সামান্য পরিমাণও লোপ পায়নি। ফলে তাঁর বাবার ভবিষ্যথাণী সত্য হয়। হয়রত সাহল রা. তাঁর পুত্র আবু উবামাহ রা কে বললেন

> عَنُ أَنِ آَمَامَةَ بُنُ سَهْدٍ قَالَ. قَالَ فِي أَنِي يَا بُنَيَّ لَقَدُ رَأَيْتَنَا يَوْمَ بَدْدٍ وَإِنَّ أَحَدِنَا يَشِيْدُ بِسَيْفِهِ إِلَى رَأْسِ الْمُشْدِكِ فَيَقَعُ رَأْسَهُ عَنْ جَسَدَه قَبْلَ أَنْ يَصِلَ إِنْهِ. دلائل اللبرة للبيهاق

> হে আমার পুত্র তৃমি বদরের ময়দানে আমাদেরকে দেখেছ। আমাদের তরবারি মুশরিকদের জন্য নির্ধারিত ছিল। আমাদের তরবারি মুশরিকদের মাথার কাছে পৌছার আগেই ভাদের মাথা দ্বিখণ্ডিত হয়ে জমিনের ওপর পতিত হতো। দ্বিশারিক্ন নাবুওরাহ ৩:৪২)

এক হাদীসে হ্যরত আনাস রা বর্ণনা করেন–

عَنْ أَنْسِ أَنْ رَجُلا كَانَ يَكُتُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهِ وَسَنَّمَ، فَارَقَدَ عَنِ الْإِسْلامِ وَلَحِقَ بِالْمُشْوِكِينَ فَمَاتَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَنَّمَ الإِسْلامِ وَلَحِقَ بِالْمُشْوِكِينَ فَمَاتَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَنَّمَ إِنَّ الأَرْضَ النَّيْ الأَرْضَ النَّيْ الأَرْضَ النَّيْ الأَرْضَ النَّيْ مَا اللَّهُ عَلَيْهُ اللَّهُ اللَّهُ عَلَيْهُ الأَرْضَ النَّيْ مَا شَأْنُ هَذَا اللَّهُ عَلَيْهُ الأَرْضَ النَّيْ مَا شَأْنُ هَذَا اللَّهُ عَلَيْهُ الأَرْضَ اللَّهُ عَلَيْهِ اللَّهُ اللَّهُ عَلَيْهُ الأَرْضَ اللَّهُ عَلَيْهُ الأَرْضُ.

এক ব্যক্তি নবীজি সাল্লালান্ত আলাইহি ওয়াসাল্লাম-এর অহি শেখক ছিল। অতঃপর সে মুরতাদ হয়ে (স্বধর্মত্যাগী, নাউজুবিল্রাহ) যুশরিকদের দলজুক্ত হয়ে গেল। পি সে মারা গেলে নবীজি সাল্লাল্রান্থ আলাইহি ওয়াসাল্লাম তার ব্যাপারে ভবিষাধাণী করেন যে, পৃথিবী তার যুতদেহ গ্রহণ করবে না আনাস রা বলেন, আমরা অনেকবার চেষ্টা করেছি তাকে কবরস্থ করার; কিন্তু জমিন তাকে গ্রহণ করেনি (কবরে রাধামাত্র তার শরীর উপরে উঠে যায়)। (বৃধারী ও যুসদিম, মিশকাত, যাদীন নং ৫৮৯৮)

খেজুরগাছের গুঁড়ির কান্না

حن جَابِرٌ بُنَ عَبُدِ اللَّهِ قَالَ كَانَ جِنْعٌ يَقُومُ إِلَيْهِ النَّبِيُّ صَنَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. فَلَمَّا وُضِعَ لَهُ الْمِنْمَرُ سَمِعْمَا لِلْجِنْعِ مِثْلَ أَصْوَاتِ الْمِشَارِ حَتَّى تَرَلَ اللَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوضَعَ يَدَهُ عَلَيْهِ

নবীজি সাল্লাল্লান্থ আলাইবি ওয়াসাল্লাম জ্মার নামাজের বৃতবার সময় ওঞ্চনো খেজুরগাজের একটি ওড়ির সঙ্গে হেলান দিতেন। যখন মিমর তৈরি করা হয় এবং নবীজি সাল্লাল্লাল্ আলাইহি ওয়াসাল্লাম প্রথমবারের মতো তাতে আরোহণ করেন, তথন গাছের ওঁড়িটি শিভর মতো ক্রন্দন করতে থাকে। নবীজি সাল্লাল্লাল্ আলাইবি ওয়াসাল্লাম তার ওপর হাত বুলিয়ে সাজ্বনা দিলেন। এতে তার কাল্লা থেমে যায়। বিষ্ণালী, হালীস নং ১১৮)

হযরত জাবির রা.-এর পিতার ঋণ পরিশোধ

عَنْ الشَّغْمِيِّ قَالَ حَدَّثِي جَايِرٌ بَنْ عَيْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ أَبَالُهُ اسْتُشْهِدَ يَوْمَ أُحُدٍ وَتَرَكُ عَنَيهِ وَيُنَّا وَتَرَكُ سِتَّ يَنَاتٍ فَلْنَا حَضَرَ جِزَازُ النَّخْلِ قَالَ أَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ ثَدُ عَلِيْتُ أَنَّ

[ै] বিভিন্ন শুনীন হতে আনা বাব, বুৱা বাকারা ও থাকে ইথরানে রাসুন না, তাকে خَيْرُا رُحِيْكَ বিভিন্ন বলেন, কিন্তু সে লেখে (الْمَرَادُ وَيَا الْمُرَادُ وَيَا الْمُرَادُ وَهُمْ الْمُعَالِينَ الْمُعَالِينَ الْمُعَا খাকে

وَالِدِي قَدُ النَّفُهُونَ يَوْمَ أُخْدِ وَتَرَكَ وَيَا كَثِيرًا وَإِنِ أُجِبُّ أَنْ يَرَاكَ الْعُرَفَ وَفَعَلْتُ ثُمُّ وَعَوْنُهُ فَلَنَا الْعُرَفَ وَفَعَلْتُ ثُمُّ وَعَوْنُهُ فَلَنَا الْعُرَفِ وَفَعَلْتُ ثُمُّ وَعَوْنُهُ فَلَنَا الْعُرَفِ وَيَ يَغْلَقُ النَّاعِةُ فَلَنَا رَأَى مَا يَصْتَعُونَ أَكَالَ تَعَرَّلُ الْعَيْمِ فَقَعْلُوهَا الْهُورَ فِي يَغْلَقُ النَّاعِةُ فَلَنَا رَأَى مَا يَصْتَعُونَ أَكَالَ عَرَلَ أَعْلَمُهُا الْهُورَةِ اللّهُ عَلَيْهِ ثُمُّ خَلَقَ عَلَيْهِ ثُمُّ قَالَ اذْعُ فِي عَرَلَ أَعْلَمُهَا المُهْتَوَا اللّهَ عَلَيْهِ النَّهُ عَلَيْهِ ثُمُّ قَالَ الْعُورِ فَلَا أَوْمَى اللّهُ عَلَيْهِ وَاللّهِ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ اللّهِ اللّهُ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ اللّهُ عَلَيْهُ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ الللّهُ عَلَيْهِ الللّهُ عَلَيْهِ الللّهُ عَلَيْهِ الللّهُ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ اللّهُ عَلَيْهِ الللّهُ عَلَيْهِ الللّهُ عَلَيْهِ

হ্থরত জাবির রা. বর্ণনা করেন, আমার পিতা উহ্দ যুদ্ধে শহীদ হব একং বিরাট স্থাপের বোরা রেখে যান। এ স্থ পরিশোধের মতো সামর্থ্য আমার ছিল না, আমার কাছে পিতার রেখে যাওরা অন্ত কিছু খেজুর ছিল। ঋণ সরিলেধের সময় হলে আমি নবীক্তি সাল্রাল্যন্থ আলাইছি ওয়াসাল্যম-এর কাছে গিয়ে আমার অবস্থা তুলে ধরি। তিনি আমাকে বললেন, থেজুরওলো পৃথক পৃথক ছুনে শুপ করে রাখ। নবীজি সাপ্রান্তান্থ আলাইহি ওরামাল্রাম সব থেকে বড় খেজুরের স্তানের চারদিকে তিনবার প্রদক্ষিণ করলেন, অভঃপর এক ছানে বলে গেলেন। তিনি বললেন, পাওনালারদের ভাক এরপর একের পর এক পাওনাদার তাদের ঋণের পরিমাণ হিসাৰ করে বড় ভূপ থেকে খেকুর নিচিক্ল আমি খুবই সঙাই ও আন্দিত হচ্ছিলাম যে, আজ স্ব পাওনা পবিশোধ হয়ে মাহেছ আকুহে তায়োলার জসীম কুপা, নবীজি সানুালুাঙ্ আলাইহি ওয়াসান্তাম যে ভূপের কাছে বসেছিলেন, সেই লুপের একটি খেজুরওঞ্জাস পায়নি।/কুলরী, *হালীস নং ৪০৫৩*।

দবীজি সা.-এর আহ্বাদে একল্লছ খেজুরের সাড়া দেওয়া

عَنِ ابِي عَبَاسٍ قَالَ خَاءِ أَعَرَانِ إِنْ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَمَ فَقَالَ بِمَ أَغَرِثُ أَنَّكَ نَبِي ۖ قَالَ: إِنْ دَعَوْتُ هَنَّ الْمِذُقَّ مِنْ هِنِ وَالنَّخْلَةُ

আফ্লানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন 💠 ২৮

أَتَشْهَدُ أَنِّي رَسُولُ اللهِ ؟ فدعاًه رسولُ الله صلى الله عليه وسلم فَجَعَلَ يَأْذِلُ مِنَ النَّخْلَةِ حَتَّى سَقَطَ إِلَى اللَّهِيَّ صلى الله عليه وسلم ثُغَر قالَ ارْجِحُ فَعَادَ فأَسْلَمَ الأَّعْرَانِ

হযরত ইবনে আব্বাস রা বলেন, একদা এক বেনুইন এসে
নবীজি সালালাই আলাইহি ভয়াসালামকে বলল, 'কীভাবে
বুঝবো যে, আপনি নবী?' রাসূল সালালাই আলাইহি
থয়াসাল্লাম বললেন— 'এই খেজুর গাছটির ঐ খেজুর-গুছুকে
যদি আমি এখানে ডেকে আনি ভাহলে কি তুমি সাক্ষ দেবে
যে আমি আলাহর রাসূল?' অতঃপর তিনি গাছে ঝুল্ড খেজুরের একটি গুছুকে কাছে ডাকনেন, তৎক্ষণাৎ খেজুরের একটি গুছুকে কাছে ডাকনেন, তৎক্ষণাৎ খেজুরগুছে নবীজি সালালাহ আলাইহি থয়াসাল্লাম এর হাতের
মধ্যে চলে আসে। (কিছুক্প হাতে ধারণের পর) নবীজি
সালালাহ আলাইহি ওয়াসালাম বললেন, ফিরে যাও।
খেজুরগুছ নিজ স্থানে ফিরে গেল নবীজি সালালাহ
আলাইহি ওয়াসালাম-এর এই মুজিজা দেখে ঐ বেদুইন
ইসলাম গ্রহণ করল। তিরমিবি, হাটস নং ৩৭০৮।

হ্যরত আবু হ্রাইয়া রা.-এর খেজুরের থলে

عن أي هُرَيُرَةَ، قال أَيْتُ اللهِ صلى الله عليه وسيم بِتَبَرَاتٍ، فَقلت يَارَسُولَ اللهِ الْحَالَةُ فِيهِلْ بِالْبِرَكَةِ فَضَيْهُنَ ثُمْ دَعَا لِي فِيهِنْ بِالْبَرَكَةِ فَضَيْهُنَ ثُمْ دَعَا لِي فِيهِنْ بِالْبَرَكَةِ فَضَيْهُنَ ثُمْ دَعَا لِي فِيهِنْ بِالْبَرَكَةِ فَضَيْهُنَ ثُمْ وَمُولَ هَنَا الْبِزُودِ كُلّمَا أَوْ دَنْ فَقَا الْبِزُودِ كُلّمَا أَوْ دَنْ فَقَالَ الْبِرُودِ كُلّمَا أَوْ دَنْ فَقَالَ الْبِرُودِ كُلّمَا أَوْ دَنْ فَا الْبِزُودِ كُلّمَا أَوْ دَنْ فَعَلَا مَنْ فَا أَنْ تَأْمُن فَي مَنْ وَلَيْ فَوْلُ أَوْ لَا تُنْفُوهُ لَكُولُ مِنْهُ وَلَا تَنْفُوهُ لَا اللهِ وَكُمّا لَأَكُن مِنْهُ وَلَيْ لَا لَمُنْ لِللّهِ وَكُمّالَ فَقِلْ عَنْهُمْ وَلَا لَكُولُ لِللّهِ مَنْ اللهِ وَكُمّا لَاللّهُ عَنْهُمْ وَلَيْ لِللّهُ عَنْهُمْ وَلَيْ لِللّهِ عَنْهُمْ وَلَيْهِ وَسَنّى وَلَيْ لِي مَنْ اللهِ عَنْهُمْ وَلَا اللهِ عَنْهُمْ وَلَيْ لَكُولُ لِللّهُ عَنْهُمْ وَلَكُ لِللّهُ عَنْهُمْ وَعُمْ الله عَنْهُمْ وَلَيْ لَا تَعْلَى اللّهُ عَنْهُمْ وَلَا اللّهُ عَنْهُمْ وَلَا اللّهُ عَنْهُمْ وَلَا اللّهُ عَنْهُمْ وَعُمْ الله عَنْهُمْ فَلَا اللّهِ عَنْهُمْ وَمُ اللّهُ عَنْهُمْ فَلَا اللّهِ عَنْهُمْ وَعُمْ اللّهُ عَنْهُمْ فَلَا اللّهِ عَنْهُمْ وَعُمْ الله عَنْهُمْ وَلَا اللّهُ عَنْهُمْ وَعُمْ اللّهُ عَنْهُمْ فَلَاللّهُ عَنْهُمْ فَلَالُ اللّهُ عَنْهُمْ وَعُمْ اللّهُ عَنْهُمْ فَلَالُولُ اللّهُ عَنْهُمْ وَعُمْ اللّهُ عَنْهُمْ فَلَا اللّهُ عَنْهُمْ وَعُمْ اللّهُ عَنْهُمْ فَلَا اللّهُ عَنْهُمْ وَعُمْ اللّهُ عَنْهُمْ اللّهُ عَنْهُمْ فَلَا اللّهُ عَنْهُمْ وَعُمْ اللّهُ عَنْهُمْ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَنْهُمْ اللّهُ عَنْهُمْ فَلَا اللّهُ اللّهُ اللّهُ عَنْهُمُ اللّهُ اللهُ اللّهُ اللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللللّهُ اللّهُ الللللّهُ اللللّهُ الللللّهُ الللللّهُ اللّهُ اللّهُ الللللّهُ اللللللّهُ اللله

مَا فِي يَدِيْ وَالْتَهَبَ مَا فِي المزود أَلاَ أُخْدِرُ كُمْ كَمْ أَكُلْتُ مِنْهُ * أَكُثَرَ مِنْ مِأَثْقِيْ وَسَقُ

আবু হুরাইয়া রা. বর্ণনা করেন, আমি সামান্য কিছু খেজুব নিয়ে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বললাম, ইয়া রাসুলাল্লাহ, দোয়া করান আলাহ ভায়ালা যেন এই খেজুরে বরকত দান করেন , নবীজি সাল্লাল্লাছ আলাইবি ওয়াসাল্লাম হাতের মুঠোয় খেজুর নিয়ে দোয়া করলেন। অভঃপর তিনি বললেন, এই খেজুরগুলোকে তোমার গোপন খালের মধ্যে রেখে দাও। যখনই তোমার প্রয়োজন হবে এর থেকে খেজুর বের করবে, কিন্তু কখনোই গণনা করবে না। আবু হুরাইয়া রা. বলেন, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সেই দোয়ার সময় থেকে উসমান য়া,-এর য়্যা পর্যন্ত এই থলে থেকে আমি খেজুর খেয়েছি যখন উসমান রা, শহীদ হলেন, তখন খেজুরের ব্যাণটি খালি হয়ে ফায় কত পরিমাণ খেজুর আমি ভক্ষণ করেছি তার সংখ্যা নির্দিষ্ট নয় তবে সম্ভবত ২০০ গ্রসাক বা ৮০০ কেজির অধিক পরিমাণ হবে। ভির্মেনি, জদীস নং ২৯২৮।

কুয়ায় পতিত ব্যক্তিদের প্রতি নবীজি সা.-এর উক্তি

বদরের যুদ্ধের পরে একটি বিরান কৃপে কাফেরদের মৃতদেহ ফেলে দেওয়া হয়। কোনো এক-সমর সেই কৃপের পাশ দিয়ে পমনের সময় নবীজি সাল্লাল্লাল্ড আলাইহি ওয়াসাল্লাম মৃত বিজিদের উদ্দেশে বলেন, হে অমুকে ছেলে অমুক, হে অমুকের ছেলে অমুক! তোমরা কি আলাহর কৃত ওয়াদা সত্য পাওনি? নবীজি ছানান, তারা জানিয়েছে, নিশ্চয় আলাহ তায়ালা আমাদের সাথে যে ওয়াদা করেছেন তা বাস্তবায়িত হয়েছে। ওময় রা. জিজ্ঞেস করলেন, ইয়া রাস্লাল্লাহ। আত্মা ব্যতীত মৃত শরীর কীভাবে আপনার সাথে কথা বলবে? উতরে নবীজি সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, ওময়! তুমি তালের কেয়ে উত্তম শ্রবণকারী নও। তারাও তোমার মতো তনতে পাছেছ, কিয়্ত উত্তর দিতে পারে না। উলামারে কেরাম উল্লেখ করেছেন, এটি নবীজি সাল্লাল্লাই আলাইহি ওয়াসাল্লাম-এর একটি মুজিজা। সাধারণ রীতি হলো, মৃত ব্যক্তিরাও তনতে পায়, কিয়্ত উত্তর দিতে পারে না। এখানে মৃত ব্যক্তি উত্তর প্রদান ছিল

আৰুগানিতানে আমার দেখা অত্যাহর নিদর্শন 🔸 👓

রাস্বুল্রাহ সাল্রাজ্যন্ আলাইহি ওয়াসাল্যামের মৃজিজা। আলুহে তায়ালাই সবচেয়ে তালো জানেন *(বুখাই), মুসলিয় ও মিছলাত শহুহে মিশকাত*।

षाञार् धमस मुद्र

হয়রত আৰু সাইদ খুদরি রা. হতে বণিত, তিনি বলেন–

عن أَنِي سَعِيهِ الْخُدِي أَنَّ أُسَيْدَ بَنَ خَصَيْرٍ يَبْتَهَا هُوَ لَيْلَةً يَقُوا أَنِي عِرْبَهِ وَإِذْ عَالَتَ فَرَسُهُ فَقَرْ أَشْرً جَالَتُ أَخْرَى مَقَرَأَ ثَثَرَ جَلَّتَ أَيْسًا قَالَ أَسُيْلًا مَا فَلَا فَقَرَا لَيْمًا عَلَى أَسْنَى مَقْبَتُ إِلَيْهَا فَإِنَا مِشْلُ الظّنَةِ فَوْقَ وَأَسِي فَيْهَا الْفَلْمَةِ فَوْقَ وَأَسِي فِيهَا أَمْنَالُ السَّنُوحِ حَرَجَتْ فِي الْجَوِّ حَقَّى مَا أَرَاهَا قَالَ فَقَدَوْتُ عَلَى وَسَلَّم فَقُلْتُ يَارَسُولَ اللّهِ بَيْنَا أَنَ الْبَارِعَة فِي وَسُلَم فَقُلْتُ يَارَسُولَ اللّهِ بَيْنَا أَنَ الْبَارِعَة فَلَلْ وَسُلَ مِنْ جَوْدِ اللّيْلِ أَقْرَأُ فِي مِرْبَهِ فِي إِذْ جَالَتَ فَرْسِي فَقَالَ وَسُولُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّم أَنْ أَنِي أَنْ الْبَارِعَة فَقَالَ وَسُولُ اللّه عَلَيْهِ وَسَلَّم أَنْ فَكَنَا وَسُلُ اللّه عَلَيْهِ وَسَلَّم أَنْ فَكُولُ اللّه عَلَيْهِ وَسَلَّم أَنْ فَعَلَى وَسُلُ اللّه عَلَيْهِ وَسَلَّم أَنْ تُعَلِيق فَلْكُ وَسُلُ اللّه عَلَيْهِ وَسَلَّم أَنْ تُعَلِيق فَقَالُ وَسُلُ اللّه عَلَيْهِ وَسَلَّم أَنْ الْمُوفِق أَنْ أَنْهُ عَلَيْهِ وَسَلَّم أَنْ الْمُوفِق أَنْ أَنْهُ وَاللّه وَاللّه اللّه وَاللّه وَاللّه اللّه عَلَيْهِ وَسَلّم أَنْ تَعَلَى وَسُلُ اللّه عَلَيْهِ وَسَلّم أَنْ اللّه أَنْ فَاللّه وَاللّه وَمَلَى السَّلَ عَلَى اللّه عَلَيْهِ وَسَلّم أَنْ اللّه أَنْ اللّه أَنْ أَنْ اللّه أَنْ أَنْ اللّه أَنْ اللّه أَنْ اللّه عَلَيْه وَاللّه وَاللّه

একদা সদ্ধার হয়রত উসাইদ বিন হুদাইর রা, তার পদর খোঁয়াড়ের পাশে বসে কুরআন জেলাওয়াড করছিলেন। খোঁয়াড়ে রাখা ঘোড়াটি বিক্ষিপ্তভাবে এদিক-সেদিক স্থাবর্তন করছিল। এ অবছা দেখেও তিনি তেলাওয়াত চলিয়ে ফাহিছেলেন। এরপর তিনি বলেন– হঠাৎ অমি চিড়া করলাম, ঘোড়া দড়ি হিছে ব'ইরে বেরিরে গেলে আমার সন্তান ইয়াইইরা পদপিই হতে পারে। আমি তেলাওয়াত বন্ধ করে খোঁয়াড়ে চুকে দেখতে পেলাম, ঘোড়ার উপরিভাগে মেঘসদৃশ আলোকময় কিছু ওপরে উঠে যাছে, যা দেখে ঘোড়া ভীত

আফগানিস্তানে আমার দেখা আন্তাহর নিদর্শন ও ৩১

হয়েছে। আমি সকালে নবীজি সাল্লাল্রান্থ আলাইহি ওয়াসাল্লামকে বিষয়টি অবগত করলাম। নবীজি সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তারা ছিল ফেরেশতা, তোমার কুরআন তেলাওয়াত শ্রুবণ করছিল। যদি তুমি তোমার পড়া চালিয়ে যেতে তাহলে আশাপাশের মানুষও খালি চোখে সকালবেলায় ভাদের দেখতে পেত। বুখারী ও মুসলিম, হাদীস নং ২১১৬।

হ্যরত আনাস বিন মালিক রা, বর্ণনা করেন-

عَنْ أَنَسُ أَنَ وَجُلَيْنِ مِنْ أَصْحَالِ النَّبِي صَنَّ اللَّهُ عَلَيْهِ وَسَنَّمَ خَرَجَا مِنْ عَنْ اللَّهِ عَلَيْهِ وَسَنَّمَ فِي لَيْلَةٍ مُظْلِبَةٍ وَمَعَهُمَا مِثْلُ عِنْدِ النَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَنَّمَ فِي لَيْلَةٍ مُظْلِبَةٍ وَمَعَهُمَا مِثْلُ الْمُسَادَ مَعْ كُلِ وَاحِدٍ مِنْهُمَا الْمِشْبَاحَيْنِ يُخِيمِنَا فَلَيَّا افْتُرَقَا صَارَ مَعْ كُلِ وَاحِدٍ مِنْهُمَا الْمِشْبَاحَيْنِ يُخِيمِنَا فَلَيَّا افْتُرَقَا صَارَ مَعْ كُلِ وَاحِدٍ مِنْهُمَا وَاحِدٍ مِنْهُمَا وَاحِدٍ مِنْهُمَا وَاحِدٍ مِنْهُمَا وَاحْدِهُ وَهِمَا عِبَادُ بَن بِشُو وَأَسِيل بِن حضير رضى الله عنهما)

এক রাতে হযরত উসাইদ বিন হুদাইর রা, ও আবরাদ বিন বিশার রা, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে উপস্থিত ছিলেন। যখন তারা দরবার থেকে প্রস্থান করলেন, তখন চারদিক ছিল ভীষণ অন্ধকার হঠাৎ ওপর থেকে আলোর বিচ্ছেরণ তাঁদের চারপাশ আলোকিত করে দিল। তাঁরা একে অন্যের থেকে পৃথক হয়ে যাওয়ার পরও বাড়ি পৌছানোর আগ পর্যন্ত সেই আলো তাঁদের প্রত্যেকের সঙ্গে ছিল।/বুখারী, ধাদীস নং ৪৬৫ ও ৩৬৩৯, মুসালম)

হযরত আবু কাতাদা রা.-কে নবীজি সাল্লাল্লান্ত্ আলাইহি ওয়াসাল্লাম-এর একটি খেজুরের শাখা প্রদান

একবার এশার নামাজের পর নবীজি সালাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম হ্যরত আবৃ কাতাদা রা.-কে একটি খেলুরের শাখা হাতে দিয়ে বললেন, তুমি এটি রাখ, শিঘই তোমার সামনে ও পেছনের ১০ দূরত্ব পর্যন্ত এই শাখা থেকে আলো নির্গত হবে। উক্ত হাদিসে ১০-এর দ্বারা হাত বা গজ বা অন্য কী উদ্দেশ্য, তা পাওয়া যায়নি]

আকগানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন 💠 ৩২

তাহলিল ও তাকবিরের আওয়াজেও শত্রুর আসন চূর্ণবিচূর্ণ হয়

হয়রত হিসাম বিন আল বলেন, যখন আমাদের রোম স্মাটের কাছে কালেমার দাওয়াত দিয়ে পাঠানো হয়, আমরা হায়বার সম্রাটকে বলি, আপনি পভূন লা ইলাহা ইল্লাল্লান্ত, আল্লান্ড আকবার', কিন্তু সে দাওয়াত গ্রহণ করে না , আমরা একদিকে তাহলিল (ইলাহা ইল্লাল্লান্ত্ বলা) অপরদিকে তাকবির (আল্লান্ত্ আকবার বলা) দিয়ে যাছিলাম । একপর্যায়ে তার সিংহাসন তেওে চুর্গবিচ্র্গ হয়ে যায় । আল্লাহ তায়ালাই উত্তম জানেন [বায়হাকি, ইবনে কাদির, য়য়াতুস মহাবা] হয়রত হায়জা বিন আমর আল আসলামি রা, বলেন— 'একদা আমরা নবীজি সাল্লাল্লান্ত আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে এক ময়দানে ছিলাম । গতীর অন্ধকারময় রাতে একপর্যায়ে আমরা একে অপরের থেকে বিভিন্তর হয়ে পড়লাম । হঠাৎ আমার তর্জনি আতুলের সম্মুখ থেকে আলো বিচ্ছেরিত হতে লাগল, সেই আলোয় সবাই আমরা একত্র হলাম । উল্লেখ্য, হয়রত হামজা রা, প্রচুর রোজা রাখতেন । বিশ্বারী, আল বিশায়া ওয়াল-নিহায়া)

আবু বকর রা.-এর কারাযত

হুবরত বাবু কিরসাফা রা.

عَنْ عَرَّةُ بِغَتْ عِيَاسِ بِن أَبِي قِرْصَافَةً ثَالَثُ أَسْرَ الرُّومُ ابْنًا لأَبِي قِرْصَافَةً. فَكَانَ أَبُو قِرْصَافَةً إِذَا كَانَ وَقُتُ كُلِّ صَلاقٍ صَعِدَ سُوَرَ عَسْقَلانَ، وَثَادَى يَا فُلاكُ الصَّلاةَ فَسَعِحَهُ وَهُوَ فِي يَسِ الرُّومِ رواه الطهراني ورجاله ثقت.

হৃহরত আবু কিরসাফা রা,-এর এক হেলেকে রোমানরা বিদি করলো। যখন নামাজের সময় হতো তখন আবু কিরসাফা রা আসকালান শহরের উঁচু দেয়ালের ওপর দাঁড়িয়ে ঘোষণা দিতেন, 'হে অমুক, নামাজের সময় হয়েছে।' সৃদূর রোমে বসে তাঁর সন্তান বাহার এ ঘোষণা শুনতে পেতেন। ভিতরাদী।

হ্যরত ইবনে আব্বাস সা.-এর জানাজা ও একটি পাখি

عَنْ سَعِيدِ مِن جُبَيْدٍ قَالَ. مَاتَ ابْنُ عَبَّاسٍ بِالطَّائِفِ. مَشْهِدُتُ جَمَّارَتُهُ فَجَاءَ عَنْ أُبَيْعُ نُمْ يُرَعَلَ كُنْتِهِ حَثَّى دَعَلَ فِي نَعْشِهِ ثُمَّ لَمُ كَنْ مَا كُنْتِهِ حَثَّى دَعَلَ فِي نَعْشِهِ ثُمَّ لَمُ لَمُ لَكُنْ مَلَ كُنْتِهِ حَثَى مَعْدِرِ الْقَنْدِ لَمْ تَدْدِ مَلْ يُرْحَالِهُ عَلَى شَعِيرِ الْقَنْدِ لَمْ تَدْدِ مَلْ تَلْاهَا لَيْنَا لُكِنَ تُلِينَتُ عَبْهِ الآيَةُ عَلَى شَعِيرِ الْقَنْدِ لَمْ تَدْدِ مَلْ تَلَاهَا لَيْنَا لُكُنْ لَمْ تَدْدِ مِلْ اللّهَا لَهُ عَلَى شَعِيرِ الْقَنْدِ لَمْ تَدْدِ مِلْ اللّهِ اللّهَا لَهِ اللّهِ اللّهُ اللّهَا لَهُ عَلَى اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهِ اللّهُ اللّهِ اللّهُ اللّهِ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهِ اللّهُ اللّهِ اللّهُ الللّهُ اللّهُ اللّه

يَالَيْتُهَا النَّفْسُ الْمُطْمَثِنَةُ وَإِرْجِينَ إِلَى رَبِّبِ رَاصِيَةً مَّرْضِيَّةً ۞ فَاذْخُلِيْ فِيْ عِبْدِينَ وَاذْخُنِ خِنَّقِينَ الفجر

হ্বরত সাইদ ইবনে জ্বাইর রা বর্ণনা করেন, হয়রত ইবনে অনুক্রান্স রা, আয়েকে ইন্তেকাল করেন। তাঁর জানাজার সময় সাদা রঙের একটি চমৎকার ও অনুত প্রজাতির পাখি উপস্থিত হল। এমন পাখি আগে কখনো দেখা যায়নি জানাজা শেষে হঠাৎ পাখিটি তাঁব কাফনের ভেতরে প্রবেশ করে। কিন্তু কেউ সেটিকে আর বের হতে দেখেনি। যখন তাঁকে দাফন করা হয়, কবরের পাশ থেকে পবিত্র ক্রআনের একটি আয়াত তেলাওয়াতের আওয়াজ ভেসে আসে কিন্তু কেউ ব্যতে পারে না কে তেলাওয়াত করছে। আয়াতটি ছিল—

আফগানিস্তানে আমার দেখা আল্রাহর নিদর্শন 💩 ৩৪

হে প্রশান্তচিত্ত, তৃমি ভোমার প্রতিপালকের নিকট ফিরে আস সম্ভব্ন ও সন্তোধভাজন হয়ে। অতঃপর আয়ার বান্দাদের অন্তর্ভূক্ত হয়ে যাও এবং আমার জানাতে প্রবেশ করো।/ফলর ৮১ : ২৭-২৮, তিম্বানী।

হ্যরত শুমর রা. কর্তৃক জিনকে পরাজিত করা

ইবনে মাসউদ রা, বর্ণনা করেন, একটি জিন হয়রত ওমর রা,-এর সঙ্গে তিনবার কৃতিতে অংশগ্রহণ করে প্রতিবারই তিনি তাকে পরাজিত করেন। অতঃপর জিন জিজেস করল, তুমি কি আয়াতুল কুবসি পড়? ওমর রা উত্তরে বললেন, হাঁ। জিন বলল, যে যারে নিয়মিত আয়াতুল কুরসি তেলাওয়াত করা হয়, সেই ঘর থেকে শয়তান বায়ু নির্গত করতে করতে অতি দ্রুত প্রায়ন করে, সকাল পর্যন্ত ধর সে প্রবেশ করতে পারে না।/ভিবরানী/

মবীজির আগমন সম্পর্কে অবলা গরুর সুসংবাদ প্রদান

মৃত্যুর পরে কথা বলা

সাইদ বিন মুসাইয়ার রা বর্ণনা করেন, হযরত উসমান রা এর খেলাফওকালে জায়িদ বিন বারিজাহ মৃত্যুবরণ করেন। তার মৃতদেহ কাশড় খারা আবৃত হিল। উপস্থিত মনেুষ তার বক্ষ থেকে অপরিচিত শব্দের প্রতিধ্বনি খনতে পেল। সে

আকগানিস্তানে আমার দেখা আস্থাহর নিদর্শন 🕫 ৩৫

কাতে লাকা, কুর্মান নবীজি সাল্লাল্লান্থ খালাইহি ওয়াসাল্লাম-এর ওপর নাজিল হছেছে। আবু বকর রা, সভা বলেছেন, ওমর রা, সভা বলেছেন। উসমান রা সভা বলেছেন। সাদ রা, বলেন, এ ঘটনার কিছুদিন পর বনি থিতমাহ (একটি লোকের নাম) গোতের এক ব্যক্তি মৃত্যুবরণ করে এবং তাঁরও বন্ধ থেকে অনুরূপ আওরাজ ধ্বনিত হয়। দালাইলুন নাবুওয়াহ, আল বিদায়া ওয়াননিহায়া

উহুদের শহীদরা

হযরত জাবির রা, বর্ণনা করেন হযরত মুয়াবিয়া রা একটি খান খনন করেন, যার পাশ দিয়ে উত্দের শহীদদের লাশ দাফন করা ছিল। আমরা খননের সুবিধার জন্য ৪০ বছর পর শহীদদের লাশ উদ্যোলন করে অন্যত্র দাফন করেলাম। এতো দিনের ব্যবধানেও তাঁদের মৃতদেহওলো ছিল সতেজ, শরীরের অঙ্গ-প্রত্যাসগুলো ছিল সজীব। আরেক বর্ণনায় পাওয়া যায়, খাল খননের সময় লোহার আঘাত গিয়ে লাগে হয়রত হামজা রা,-এর দাফনকৃত মৃত শরীরে। এতো সময়ের ব্যবধানেও শরীর থেকে তাজা রক্ত গড়িরে পড়া ওরা হয়। [ফাডহুল বারী]

উত্দ যুদ্ধের শহীদ হযরত আমর বিন জামূহ ও আবদুলাহ বিন আমর রা.কে একরে একটি কবরে দাকন করা হয়। একবার বন্যার পানি ওাঁদের কবরকে উন্মুক্ত করে দিলে লোকেরা তাঁদের লাশগুলো অন্যত্র দাকনের ব্যবস্থা করেন তারা দেখলেন, এত সময়ের ব্যবধানেও মৃতদেহের কোনো পরিবর্তন হয়নি। মনে হয় যেন গতকাল দাকন করা হয়েছে। অথচ কবর উন্মুক্ত হয়ে যাওয়ার ঘটনা ঘটেছিল উত্দ যুদ্ধের ৪৬ বছর পর

নবীদের নূরানী মৃতদেহ সুরক্ষিত থাকে

আফগানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন 🛊 ৩৬

কবর থেকে মেশকের আণ

ऍ*म्यान ।* [

মুগ্ধতার আতা তাঁর চেহারার ভাষর হয়ে উঠশ । /ক্সক্ল

ডিমরুল দিয়ে হ্যরত আসিন রা.-এর মৃতদেহ সুরকা

হ্যরত আসিম বিন সাবিত বিন আফলাহ্ মিনতি সহকারে দোয়া করতেন, তিনি বেন কোনো মুশরিককে স্পর্শ না করেন এবং কোন মুশরিকও যেন তাঁকে স্পর্শ না করে তিনি শহীদ হওয়ার পর আল্লাহ্ তায়ালা একদল ভিমকল পাঠিয়ে দেন, যারা তাঁর শবদেহের ওপর চক্কর দিচ্ছিল, মুশরিকদের থেকে তাঁকে রক্ষা করার জন্য (বৃথারী, মুসলিম, সুনানুল কুবরা।

নবীজির গোলাম হ্যরত সাফিনাহ রা.

